This Booklet contains **20** printed pages.
এই প্রশ্নপত্রে **20** মুদ্রিত পৃষ্ঠা আছে।

AF16—XV

Question Booklet No.
প্রশ্ন-পুস্তিকা সংখ্যা

1000290

EXAMINATION—STPGT

SUBJECT : BENGALI

Do not open this Question Booklet until you are asked to do so.
এই প্রশ্নপত্র যতক্ষণ খুলতে না বলা হবে ততক্ষণ পর্যন্ত খুলবেন না।

Read carefully all the instructions given at the back page and on the front page of this Question Booklet.
এই প্রশ্নপত্রের শেষ পৃষ্ঠা ও প্রথম পৃষ্ঠায় দেওয়া সমস্ত নির্দেশাবলী মনোযোগ সহকারে পড়ুন।

Instructions for Candidates	***পরীক্ষার্থীদের জন্য নির্দেশাবলী***
1. Use **Black Ballpoint Pen only** for writing particulars of this Question Booklet and marking responses on the OMR Answer Sheet.	**1.** এই প্রশ্নপত্রে লেখার জন্য এবং OMR উত্তরপত্রে উত্তর চিহ্নিত করতে **শুধুমাত্র কালো কালির বলপয়েন্ট কলম** ব্যবহার করুন।
2. This test is of **2 hours** and **30 minutes** duration and consists of **150** MCQ-type questions. Each question carries 1 mark.	**2.** এই পরীক্ষার সময় **2 ঘণ্টা 30 মিনিট**। পরীক্ষায় মোট **150** টি MCQ ধরনের প্রশ্ন থাকবে। প্রতি প্রশ্নের মূল্যাঙ্ক 1 হবে।
3. There is no negative marking for any wrong answer.	**3.** ভুল উত্তরের জন্য কোনও ঋণাত্মক নম্বর থাকবে না।
4. Rough work should be done only in the space provided in the Question Booklet for the same.	**4.** পরীক্ষার্থীকে রাফ ওয়ার্ক করতে হবে শুধুমাত্র কোশ্চেন বুকলেটে (প্রশ্নপত্রে) নির্দিষ্ট করা স্থানে।
5. The answers are to be recorded on the OMR Answer Sheet only. Mark your responses carefully since there is no chance of alteration/correction.	**5.** প্রশ্নের উত্তর শুধুমাত্র OMR উত্তরপত্রে চিহ্নিত করতে হবে। উত্তর চিহ্নিত করার বিষয়ে পরীক্ষার্থীকে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে। প্রশ্নের উত্তর একবার চিহ্নিত করা হয়ে গেলে কোনও অবস্থাতেই তাকে পরিবর্তন বা সংশোধন করা যাবে না।
6. Use of eraser or whitener is strictly prohibited.	**6.** কালি-মোচনীয় ইরেজার বা সাদা তরল-জাতীয় বস্তুর ব্যবহার সম্পূর্ণরূপে নিষিদ্ধ।

Name of the Candidate (in Capitals) : _____
পরীক্ষার্থীর নাম (বড় অক্ষরে)

Roll No. : _____
রোল নং

OMR Answer Sheet No. : _____
OMR উত্তরপত্রের নম্বর

Full Signature of the Candidate with date
পরীক্ষার্থীর সম্পূর্ণ স্বাক্ষর তারিখসহ

Signature of the Invigilator with date
নিরীক্ষকের স্বাক্ষর তারিখসহ

SEAL

নির্দেশিকা : সঠিক উত্তর নির্বাচন করে নীচের প্রশ্নগুলির উত্তর দাও।

1. 'ফুল্লরার বারমাস্যা' শীর্ষক অংশের রচয়িতা

(A) লুইপাদ

(B) গোবিন্দদাস

(C) কবিকঙ্কণ মুকুন্দরাম চক্রবর্তী

(D) এঁদের কেউই নন

2. "ক্ষুদ্রকায়া স্রোতস্বিনী খরবেগবতী
পতি সম্ভাষণে দ্রুত চলিছে গোমতী,"—
উদ্ধৃতাংশটি কোন্ কবিতার?

(A) প্রার্থনা

(B) আগামী

(C) নারী

(D) মধ্যাহ্ন

3. "চিত্ত যেথা ভয়শূন্য, উচ্চ যেথা _____,"
শূন্যস্থানটিতে হবে

(A) কথা

(B) বিচার

(C) শির

(D) আনন্দ

4. 'মুখ ঢেকে যায় বিজ্ঞাপনে' কবিতাটির রচয়িতা কে?

(A) কাজী নজরুল ইসলাম

(B) জীবনানন্দ দাশ

(C) রবীন্দ্রনাথ ঠাকুর

(D) এঁদের কেউই নন

5. "_____ সেই স্বর্গে করো জাগরিত॥"
শূন্যস্থানটিতে হবে

(A) আমাদের

(B) ভারতেরে

(C) তাহাদের

(D) উপরের কোনটিই নয়

6. 'কমল-কানন' শব্দটির অর্থ

(A) ফুলের বাগান

(B) পদ্মের বাগান

(C) যূথীবন

(D) কদম্ব-কানন

7. "তোমার মতো আমাদের মাঝখানে অনেক আছেন।" 'তোমার মতো' বলতে এখানে কাকে বুঝিয়েছে?

(A) বসন্তের কোকিলকে

(B) কাককে

(C) ময়নাকে

(D) তোতাপাখিকে

8. হিন্দুমেলার কর্মকর্তা নিয়োজিত হয়েছিলেন

(A) দেবেন্দ্রনাথ ঠাকুর

(B) জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর

(C) রবীন্দ্রনাথ ঠাকুর

(D) নবগোপাল মিত্র

9. "এ দিকে তিনি মাটির মানুষ কিন্তু তেজে একেবারে পরিপূর্ণ ছিলেন।" মানুষটি হলেন

(A) ব্রজবাবু

(B) রিচার্ডসন

(C) রাজনারায়ণবাবু

(D) জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর

10. 'সবুজের অভিযান' কবিতাটি কোন্ সাহিত্য পত্রিকায় প্রকাশিত হয়েছিল ?

(A) 'বঙ্গদর্শন'

(B) 'সবুজপত্র'

(C) 'ভারতী'

(D) 'সাধনা'

11. "এত যে ভীষণ তবু তারে হেরি ধরার
ধরে না হর্ষ।"

এখানে কাকে 'ভীষণ' বলা হয়েছে ?

(A) মধ্যদিনের রক্তনয়নকে

(B) বারুদের ঘ্রাণকে

(C) কালবৈশাখীকে

(D) কালপুরুষকে

12. "যুগের ধর্ম এই
পীড়ন করিলে সে পীড়ন এসে পীড়া দেবে
তোমাকেই!"

বক্তা হলেন

(A) রবীন্দ্রনাথ

(B) কবি নজরুল

(C) সুকান্ত ভট্টাচার্য

(D) শামসুর রাহমান

13. "কেন হবে বার বার বর্বর এই অভিনয় ?"

কিসের অভিনয় ?

(A) যুদ্ধের

(B) মহামারীর

(C) হিংস্রতার

(D) উপরের কোনটিই নয়

14. 'অঙ্কুশ' শব্দটির অর্থ

(A) সূর্য

(B) পৃথিবী

(C) কটাহ

(D) মাহুতের ব্যবহৃত হস্তী তাড়াবার লৌহদণ্ড

15. "ক্ষুদ্র আমি তুচ্ছ নই—জানি আমি ভাবী বনস্পতি,
বৃষ্টির, মাটির রসে পাই আমি তারি তো সম্মতি।"

উদ্ধৃত অংশটির উৎস হল

(A) রবীন্দ্রনাথের 'বলাকা' কবিতা

(B) রবীন্দ্রনাথের 'সবুজের অভিযান' কবিতা

(C) সুকান্ত ভট্টাচার্যের 'আগামী' কবিতা

(D) সুকান্ত ভট্টাচার্যের 'ঘুম নেই' কাব্যগ্রন্থের কবিতা

16. অঙ্কুরিত বীজ কখন বৃহতের দলে মিশে যাবে ?

(A) আগামী বসন্তে

(B) আগামী শরতে

(C) আগামী বর্ষায়

(D) আগামী শীতে

17. শাক্যসিংহ কোন্ ধর্মের প্রবর্তক?

(A) ইহুদি ধর্মের

(B) খ্রীষ্ট ধর্মের

(C) হিন্দু ধর্মের

(D) বৌদ্ধ ধর্মের

18. ''আমি কিন্তু স্তম্ভিত হয়ে গেলুম ভিতরকার দৃশ্য দেখে।'' 'ভিতরকার দৃশ্য' বলতে এখানে কোন্ দৃশ্যের কথা বলা হয়েছে?

(A) পুরানো মুদিখানাটির দৃশ্য

(B) লাইব্রেরীর দৃশ্য

(C) সদর রাস্তার দৃশ্য

(D) উপরের কোনটিই নয়

19. রবীন্দ্রনাথ ঠাকুর রচিত 'মুকুট' গ্রন্থটি হল

(A) কাব্যগ্রন্থ

(B) গল্পগ্রন্থ

(C) উপন্যাস

(D) নাটক

20. ''দৃষ্টির আলোক যেখানে শেষ হইয়া যায়, সেখানেও তিনি আলোকের অনুসরণ করিতে থাকেন, শ্রুতির শক্তি যেখানে সুরের শেষ সীমায় পৌঁছায় সেখান হইতেও তিনি কম্পমান বাণী আহরণ করিয়া আনেন।'' এখানে 'তিনি' কে?

(A) কবি

(B) দার্শনিক

(C) সমাজতাত্ত্বিক

(D) বৈজ্ঞানিক

21. ''আমি বিস্মিত, ব্যথিত, স্তব্ধ হইয়া নির্জন নদীতীরে একাকী দাঁড়াইয়া রহিলাম।'' এখানে 'আমি' বলতে বুঝিয়েছে

(A) ইন্দ্রনাথকে

(B) অন্নদাদিদিকে

(C) শাহজীকে

(D) শ্রীকান্তকে

22. ''তারা যুগের ভেতর দিয়ে কাজ করছে বটে, কিন্তু তারা নিত্যকালের রাখাল। অমৃতের সন্তান।'' 'তারা' বলতে এখানে কাদের কথা বলা হয়েছে?

(A) ইউরোপীয়দের

(B) ভারতীয়দের

(C) শিল্পীদের

(D) এদের কারুর কথাই বলা হয়নি

23. 'ডাইনি' শীর্ষক রচনাটি হল

(A) রবীন্দ্রনাথের লেখা কবিতা

(B) বঙ্কিমচন্দ্রের লেখা উপন্যাস

(C) দ্বিজেন্দ্রলাল রায়ের লেখা নাটক

(D) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের লেখা ছোটগল্প

24. 'মুকুট' গ্রন্থের মহারাজ হলেন

(A) চন্দ্রমাণিক্য

(B) অমরমাণিক্য

(C) ইন্দ্রকুমার

(D) রাজধর

25. শম্ভুনাথ ও রুচিরার কথা আছে

(A) 'ডাইনি' গল্পে

(B) 'শ্রীশ্রী সিদ্ধেশ্বরী লিমিটেড' গল্পে

(C) 'অযান্ত্রিক' গল্পে

(D) 'ঘূর্ণমান পৃথিবী' গল্পে

26. 'অযান্ত্রিক' রচনাটি

(A) আশাপূর্ণা দেবীর লেখা ছোটগল্প

(B) পরশুরামের লেখা ছোটগল্প

(C) রবীন্দ্রনাথের লেখা ছোটগল্প

(D) সুবোধ ঘোষের লেখা প্রথম ছোটগল্প

27. মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী নেপাল থেকে প্রাপ্ত এবং তাঁর মতে প্রাচীন বাংলা ভাষায় রচিত পুঁথিগুলোকে প্রথম প্রকাশিত করেছিলেন

(A) 'চর্যাচর্যবিনিশ্চয়' নামে

(B) 'চর্যাগীতিকোষ' নামে

(C) 'চর্যাপদ' নামে

(D) 'হাজার বছরের পুরান বাংলা ভাষায় বৌদ্ধ গান ও দোহা' নামে

28. 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটির শেষ খণ্ডের নাম

(A) তাম্বুলখণ্ড

(B) দানখণ্ড

(C) ভারখণ্ড

(D) রাধাবিরহখণ্ড

29. 'চর্যাপদ'-এর সংস্কৃত টীকাকারের নাম

(A) মুনি দত্ত

(B) প্রবোধচন্দ্র বাগচী

(C) শশীভূষণ দাশগুপ্ত

(D) এঁদের কেউই নন

30. 'সই কেবা শুনাইল শ্যাম নাম'—পদটির রচয়িতা

(A) গোবিন্দদাস

(B) জ্ঞানদাস

(C) বিদ্যাপতি

(D) চণ্ডীদাস

31. আদিকবি কে?

(A) বাল্মীকি

(B) মধুসূদন

(C) রবীন্দ্রনাথ

(D) এঁদের কেউই নন

32. 'পূর্ববঙ্গগীতিকা' গ্রন্থটি ইংরেজিতে অনুবাদ করেন

(A) চন্দ্রকুমার দে

(B) দীনেশচন্দ্র সেন

(C) স্যার আশুতোষ মুখোপাধ্যায়

(D) এঁদের কেউই নন

33. ফোর্ট উইলিয়ম কলেজ কে, কত খ্রীষ্টাব্দে প্রতিষ্ঠা করেন ?

(A) লর্ড বেন্টিঙ্ক, ১৮০৪ খ্রীষ্টাব্দে

(B) লর্ড ওয়েলেসলি, ১৮০০ খ্রীষ্টাব্দে

(C) লর্ড ওয়েলেসলি, ১৮০১ খ্রীষ্টাব্দে

(D) লর্ড ক্লাইভ, ১৮০০ খ্রীষ্টাব্দে

34. 'বেতাল পঞ্চবিংশতি' কার লেখা ?

(A) রামমোহনের

(B) মৃত্যুঞ্জয় বিদ্যালংকারের

(C) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের

(D) উইলিয়াম কেরীর

35. 'মেঘনাদবধ কাব্য'-এর প্রকাশকাল

(A) ১৮৫৮ খ্রীষ্টাব্দ

(B) ১৮৫৯ খ্রীষ্টাব্দ

(C) ১৮৬০ খ্রীষ্টাব্দ

(D) ১৮৬১ খ্রীষ্টাব্দ

36. বিহারীলাল চক্রবর্তীকে কে 'ভোরের পাখি' আখ্যায় ভূষিত করেন ?

(A) মধুসূদন দত্ত

(B) রবীন্দ্রনাথ ঠাকুর

(C) নজরুল ইসলাম

(D) জীবনানন্দ দাশ

37. 'পুনশ্চ' কাব্যগ্রন্থটির কবি

(A) রবীন্দ্রনাথ ঠাকুর

(B) দেবেন্দ্রনাথ ঠাকুর

(C) জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর

(D) অবনীন্দ্রনাথ ঠাকুর

38. 'বেদান্ত গ্রন্থ' কার রচনা এবং এর প্রকাশকাল কত ?

(A) রামমোহনের রচনা এবং প্রকাশকাল ১৮১৫ খ্রীষ্টাব্দ

(B) উইলিয়াম কেরীর রচনা এবং প্রকাশকাল ১৮১৫ খ্রীষ্টাব্দ

(C) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের রচনা এবং প্রকাশকাল ১৮২০ খ্রীষ্টাব্দ

(D) রামরাম বসুর রচনা এবং এর প্রকাশকাল ১৮২০ খ্রীষ্টাব্দ

39. মধুসূদনের দুখানি প্রহসন হল

(A) 'শর্মিষ্ঠা' ও 'পদ্মাবতী'

(B) 'কৃষ্ণকুমারী' ও 'সধবার একাদশী'

(C) 'একেই কি বলে সভ্যতা' ও 'বুড়ো শালিকের ঘাড়ে রোঁ'

(D) উপরের কোনটিই নয়

40. 'নীলদর্পণ' নাটকের প্রকাশক হিসেবে কার, কি শাস্তি হয় ?

(A) প্রকাশক হিসেবে মধুসূদনের জরিমানা ও কারাবাস হয়

(B) লঙ্ সাহেবের জরিমানা ও কারাবাস হয়

(C) দীনবন্ধুর জরিমানা ও কারাবাস হয়

(D) প্রকাশক হিসেবে এঁদের কারোরই কিছু হয়নি

41. ঊনবিংশ শতাব্দীর মহিলা কবিদের মধ্যে সর্বাধিক পরিচিত এবং সর্বশ্রেষ্ঠ কবি

(A) গিরীন্দ্রমোহিনী দাসী

(B) কামিনী রায়

(C) মানকুমারী বসু

(D) স্বর্ণকুমারী দেবী

42. 'দুর্গেশনন্দিনী' গ্রন্থটির লেখক ও রচনাকাল হল

(A) রামনারায়ণ তর্করত্ন, ১৮৫০ খ্রীষ্টাব্দ

(B) প্যারীচাঁদ মিত্র, ১৮৫১ খ্রীষ্টাব্দ

(C) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, ১৮৬৫ খ্রীষ্টাব্দ

(D) তারকনাথ গঙ্গোপাধ্যায়, ১৮৬৬ খ্রীষ্টাব্দ

43. 'পদ্মিনী উপাখ্যান' গ্রন্থটি হল

(A) গল্পগ্রন্থ

(B) উপন্যাস

(C) আখ্যানকাব্য

(D) প্রবন্ধ গ্রন্থ

44. রমেশচন্দ্র দত্তের দুটি সামাজিক উপন্যাসের নাম হল

(A) 'বঙ্গবিজেতা' ও 'মাধবীকঙ্কণ'

(B) 'মহারাষ্ট্র জীবনপ্রভাত' ও 'রাজপুত জীবনসন্ধ্যা'

(C) 'সংসার' ও 'সমাজ'

(D) 'কৃষ্ণকান্তের উইল' ও 'চন্দ্রশেখর'

45. 'স্বর্ণলতা' উপন্যাসটির রচয়িতা

(A) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

(B) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

(C) তারকনাথ গঙ্গোপাধ্যায়

(D) মানিক বন্দ্যোপাধ্যায়

46. ত্রিপুরার কাহিনী নিয়ে রবীন্দ্রনাথ ঠাকুরের লিখিত উপন্যাসটির নাম

(A) 'মুকুট'

(B) 'বিসর্জন'

(C) 'রাজর্ষি'

(D) উপরের কোনটিই নয়

47. 'অরণ্যের অধিকার' উপন্যাসটি কার লেখা ?

(A) আশাপূর্ণা দেবী

(B) প্রতিভা বসু

(C) মহাশ্বেতা দেবী

(D) বাণী রায়

48. 'ধূসর পাণ্ডুলিপি' কার লেখা এবং কোন্ জাতীয় গ্রন্থ ?

(A) জীবনানন্দ দাশের লেখা কাব্যগ্রন্থ

(B) জীবনানন্দ দাশের লেখা উপন্যাস

(C) বুদ্ধদেব বসুর লেখা গল্পগ্রন্থ

(D) সুধীন্দ্রনাথ দত্তের লেখা কাব্য-নাটক

49. 'বর্ত্তমান ভারত' গ্রন্থটির লেখক

(A) দেবেন্দ্রনাথ ঠাকুর

(B) জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর

(C) রবীন্দ্রনাথ ঠাকুর

(D) বিবেকানন্দ

50. 'চোখের বালি' গ্রন্থটি কোন্ জাতীয় রচনা এবং এর প্রকাশকাল কত?

(A) কাব্যগ্রন্থ এবং প্রকাশকাল ১৯০০ খ্রীষ্টাব্দ

(B) নাটক এবং প্রকাশকাল ১৯০১ খ্রীষ্টাব্দ

(C) ছোটগল্প এবং প্রকাশকাল ১৯০২ খ্রীষ্টাব্দ

(D) উপন্যাস এবং প্রকাশকাল ১৯০৩ খ্রীষ্টাব্দ

51. 'মেঘনাদবধ কাব্য'টি হল

(A) মহাকাব্য

(B) গীতিকাব্য

(C) আখ্যানকাব্য

(D) সনেট

52. 'সারদামঙ্গল' রচনাটি কোন্ শ্রেণীর?

(A) মহাকাব্য

(B) গীতিকাব্য

(C) পত্রকাব্য

(D) উপরের কোনটিই নয়

53. সনেটের আবির্ভাবভূমি হল

(A) ফ্রান্স

(B) জার্মানী

(C) ইতালী

(D) ইংল্যাণ্ড

54. মহাকাব্যকে সাধারণত ভাগ করা হয়

(A) দুই ভাগে

(B) তিন ভাগে

(C) চার ভাগে

(D) পাঁচ ভাগে

55. ইতিহাস অনুসরণে বর্ণিতব্য যুগের আবহাওয়াকে সম্পূর্ণ সৃষ্টি করে ঐতিহাসিক মর্যাদাপ্রাপ্ত ব্যক্তি ও ঘটনাকে কেন্দ্র করে যে নাটক রচিত হয়, তাকে বলে

(A) সামাজিক নাটক

(B) ঐতিহাসিক নাটক

(C) পৌরাণিক নাটক

(D) উপরের কোনটিই নয়

56. 'পাণ্ডবগৌরব' গ্রন্থটি হল

(A) ঐতিহাসিক নাটক

(B) সামাজিক উপন্যাস

(C) পৌরাণিক নাটক

(D) প্রহসন

57. হাস্যরসোদ্দীপক লঘু জাতের স্বল্পাকৃতি নাট্য রচনাকে বলে

(A) ট্র্যাজিডি

(B) কমেডি

(C) মেলোড্রামা

(D) প্রহসন

58. 'নবান্ন' নাটকের রচয়িতা হলেন

(A) বিধায়ক ভট্টাচার্য

(B) ঋত্বিক ঘটক

(C) বিজন ভট্টাচার্য

(D) দিগিন্দ্রচন্দ্র বন্দ্যোপাধ্যায়

59. ট্র্যাজিডি নাটক মূলত

(A) অদ্ভুত রসের নাটক

(B) করুণ রসের নাটক

(C) শৃঙ্গার রসের নাটক

(D) হাস্যরসের নাটক

60. 'শ্রীকান্ত' উপন্যাসটি হল

(A) সামাজিক উপন্যাস

(B) আঞ্চলিক উপন্যাস

(C) আত্মজীবনীমূলক উপন্যাস

(D) মনস্তাত্ত্বিক উপন্যাস

61. বঙ্কিমচন্দ্রের যথার্থ ঐতিহাসিক উপন্যাস হল

(A) 'চন্দ্রশেখর'

(B) 'সীতারাম'

(C) 'রাজসিংহ'

(D) 'দুর্গেশনন্দিনী'

62. 'শেষের কবিতা' উপন্যাসটি হল

(A) কাব্যোপন্যাস

(B) ঐতিহাসিক উপন্যাস

(C) আঞ্চলিক উপন্যাস

(D) রাজনৈতিক উপন্যাস

63. ভাব-মোক্ষণ বা cathersis-শব্দটি সাধারণত

(A) ট্র্যাজিডি সম্পর্কে সম্পর্কযুক্ত

(B) কমেডি সম্পর্কে সম্পর্কযুক্ত

(C) মেলোড্রামা সম্পর্কে সম্পর্কযুক্ত

(D) প্রহসন সম্পর্কে সম্পর্কযুক্ত

64. ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদের লেখা 'নরনারায়ণ' নাটকটি হল

(A) সামাজিক নাটক

(B) ঐতিহাসিক নাটক

(C) পৌরাণিক নাটক

(D) প্রহসন

65. মধুসূদনের লেখা দুটি নাটক হল

(A) 'লীলাবতী' ও 'জামাইবারিক'

(B) 'দিল্লী কা লাড্ডু' ও 'যেমন কর্ম তেমন ফল'

(C) 'নবীন তপস্বিনী' ও 'বিয়ে পাগ্‌লা বুড়ো'

(D) 'শর্মিষ্ঠা' ও 'পদ্মাবতী'

66. 'দেনাপাওনা' ছোটগল্পটি হল

(A) নারীমনস্তত্ত্ব সম্পর্কিত ছোটগল্প

(B) আবহপ্রধান ছোটগল্প

(C) সমাজ-সমস্যামূলক ছোটগল্প

(D) উপরের কোনটিই নয়

67. মিলনান্তক নাটককে বলে

(A) কমেডি

(B) ট্র্যাজিডি

(C) প্রহসন

(D) নাট্যকাব্য

68. রবীন্দ্রনাথের 'প্রাচীন সাহিত্য' গ্রন্থটি

(A) সাহিত্য সমালোচনামূলক প্রবন্ধ গ্রন্থ

(B) সাহিত্যতত্ত্বমূলক প্রবন্ধ গ্রন্থ

(C) রম্যরচনা

(D) উপরের কোনটিই নয়

69. কল্পনার আতিশয্যে গঠিত কাহিনীকে বলে

(A) উপন্যাস

(B) ছোটগল্প

(C) নাটক

(D) রোমান্স

70. পারিবারিক ও সামাজিক জীবনের ছোটখাট সুখ-দুঃখের কথায় যে উপন্যাস পূর্ণ তাকে বলে

(A) ঐতিহাসিক উপন্যাস

(B) আঞ্চলিক উপন্যাস

(C) রাজনৈতিক উপন্যাস

(D) সামাজিক উপন্যাস

71. বাংলা ভাষার ইতিহাস আলোচনা করলে এর সুস্পষ্ট স্তর পাওয়া যায়

(A) একটি

(B) দুটি

(C) তিনটি

(D) চারটি

72. 'চর্যাচর্যবিনিশ্চয়'-এর গানগুলির রচনাকাল আনুমানিক

(A) খ্রীষ্টীয় দশম থেকে দ্বাদশ শতাব্দী

(B) খ্রীষ্টীয় একাদশ থেকে দ্বাদশ শতাব্দী

(C) খ্রীষ্টীয় নবম থেকে দ্বাদশ শতাব্দী

(D) উপরের কোনটিই নয়

73. বাংলা ভাষার আধুনিক স্তরের আরম্ভ

(A) অষ্টাদশ শতাব্দের দ্বিতীয় দশক থেকে

(B) অষ্টাদশ শতাব্দের তৃতীয় দশক থেকে

(C) অষ্টাদশ শতাব্দের চতুর্থ দশক থেকে

(D) অষ্টাদশ শতাব্দের শেষার্ধ থেকে

74. আধুনিক বাংলা ভাষায় লেখার ভাষাতে কোন্ দুটি ছাঁদ প্রচলিত?

(A) সাধুভাষা ও চলিতভাষা

(B) রাঢ়ী ও কামরূপী

(C) বরেন্দ্রী ও ঝাড়খণ্ডী

(D) উপরের কোনটিই নয়

75. ভাষার মুখ্য সম্পদ হল

(A) শব্দভাণ্ডার

(B) ধ্বনিতত্ত্ব

(C) উপভাষা

(D) শব্দার্থতত্ত্ব

76. (সং) তাম্বুল>(প্রাচীন বাংলায়) তাঁবোলা শব্দটি গৃহীত হয়েছে

(A) অষ্ট্রিক গোষ্ঠী থেকে

(B) দ্রাবিড় গোষ্ঠী থেকে

(C) মোঙ্গল গোষ্ঠী থেকে

(D) এদের কোনো গোষ্ঠী থেকেই নয়

77. আইন, আক্কেল—শব্দ দুটি হল

(A) আরবী শব্দ

(B) ফারসী শব্দ

(C) তুর্কী শব্দ

(D) সংস্কৃত শব্দ

78. কম, বেশি—শব্দ দুটি হল

(A) আরবী শব্দ

(B) ফারসী শব্দ

(C) তুর্কী শব্দ

(D) পোর্তুগীজ শব্দ

79. 'লম্ফপ্রদানপূর্বক' চলিত ভাষায় রূপান্তর করলে হবে

(A) লাফাইয়া

(B) লাফিয়ে

(C) লম্ফ দিয়া

(D) উপরের কোনটিই নয়

80. ভাত = সেদ্ধ চাল > জীবিকা সংস্থান—এখানে অর্থ পরিবর্তনের কারণ

(A) অর্থপ্রসার

(B) অর্থসংকোচ

(C) অর্থসংক্রম

(D) উপরের কোনটিই নয়

81. যেসকল শব্দ আধুনিক বাংলায় সংস্কৃত থেকে অপরিবর্তিতভাবে গৃহীত হয়েছে, সেগুলিকে বলা হয়

(A) তৎসম শব্দ

(B) তদ্ভব শব্দ

(C) দেশী শব্দ

(D) বিদেশী শব্দ

82. বাংলা ভাষায় আগন্তুক শব্দ প্রধানত

(A) দুই ধরনের

(B) তিন ধরনের

(C) চার ধরনের

(D) পাঁচ ধরনের

83. আলকাতরা, আলপিন—শব্দ দুটি হল

(A) পোর্তুগীজ শব্দ

(B) ইংরেজী শব্দ

(C) আরবী শব্দ

(D) ফারসী শব্দ

84. পুলিশ, ট্রেন—শব্দ দুটি হল

(A) ফারসী শব্দ

(B) আরবী শব্দ

(C) ইংরেজী শব্দ

(D) পোর্তুগীজ শব্দ

85. 'সন্দেশ' শব্দটি বর্তমানে যে অর্থে প্রচলিত তাতে শব্দটির কি ঘটেছে?

(A) অর্থপ্রসার

(B) অর্থসংকোচ

(C) অর্থসংক্রম

(D) উপরের কোনটিই নয়

86. কোনো শব্দের ক্রমান্বিত অর্থপ্রসার ও অর্থসংকোচের ফলে অনেক সময় শব্দটির অর্থ মৌলিক অর্থের সঙ্গে দুর্লক্ষ্য হয়ে পড়ে, তখন তাকে বলে

(A) অর্থপ্রসার

(B) অর্থসংকোচ

(C) অর্থসংক্রম

(D) শব্দদ্বৈত

87. চলিত ভাষার অন্যতম বৈশিষ্ট্য হল

(A) অপিনিহিতি ও স্বরাগম

(B) অভিশ্রুতি ও স্বরসংগতি

(C) সাদৃশ্য ও জোড়-কলম শব্দ

(D) উপরের কোনটিই নয়

88. দুহিতা > ধিআ > ঝি, অর্ধতৃতীয় > অড়টইইঅ > আড়াই

উপরোক্ত নিম্নরেখ শব্দদ্বয় কোন্ শ্রেণীর শব্দ ?

(A) তৎসম

(B) তদ্ভব

(C) দেশী

(D) অর্ধ-তৎসম

89. ই, উ—ধ্বনি দুটির উচ্চারণকালে মুখবিবর সংবৃত থাকে বলে এই দুই ধ্বনিকে বলে

(A) বিবৃত স্বরধ্বনি

(B) অনুনাসিক স্বরধ্বনি

(C) সংবৃত স্বরধ্বনি

(D) দ্বিস্বর ধ্বনি

90. কখনো কখনো শব্দের শেষে স্বরধ্বনি যুক্ত হয়, এই প্রক্রিয়াকে বলে

(A) আদি স্বরাগম

(B) মধ্য স্বরাগম

(C) অন্ত্য স্বরাগম

(D) উপরের কোনটিই নয়

91. পাদোদক > পাদোক

উপরোক্ত পরিবর্তনটিকে বলে

(A) সমাক্ষরলোপ

(B) স্বরসংগতি

(C) সমীভবন

(D) বিষমীভবন

92. বর্গের পঞ্চম বর্ণগুলো নাসাবিবরের সাহায্যে উচ্চারিত হয় বলে তাদের বলা হয়

(A) নাসিক্যধ্বনি

(B) উষ্মধ্বনি

(C) দন্ত্যধ্বনি

(D) তাড়িত ধ্বনি

93. দেহের যেসকল প্রত্যঙ্গ বা যন্ত্রের সাহায্যে আমরা কথা বলি, তথা নানাপ্রকার ধ্বনি উচ্চারণ করে থাকি তাকে বলে

(A) মুখ

(B) হৃদপিণ্ড

(C) বাগযন্ত্র

(D) উপরের কোনটিই নয়

94. অন্য ধ্বনির সাহায্য ছাড়াই যে ধ্বনি স্বয়ংপূর্ণ ও পরিস্ফুটরূপে উচ্চারিত হতে পারে এবং যাকে আশ্রয় করে অপর ধ্বনি উচ্চারিত হয় তাকে বলে

(A) কম্পিত ধ্বনি

(B) অনুনাসিক ধ্বনি

(C) ব্যঞ্জন ধ্বনি

(D) স্বরধ্বনি

95. কোনো ভাষাসম্প্রদায়ের অন্তর্গত ছোট ছোট দলে বা অঞ্চলবিশেষে প্রচলিত ভাষা ছাঁদকে বলে

(A) নিভাষা

(B) সাধুভাষা

(C) চলিত ভাষা

(D) উপভাষা

96. ই, এ, ঐ, আ—এই স্বরধ্বনিগুলিকে বলে

(A) সম্মুখ স্বরধ্বনি

(B) পশ্চাৎ স্বরধ্বনি

(C) কুঞ্চিত স্বরধ্বনি

(D) উপরের কোনটিই নয়

97. মধ্য-পশ্চিমবঙ্গের উপভাষা হল

(A) বরেন্দ্রী

(B) বঙ্গালী

(C) রাঢ়ী

(D) ঝাড়খণ্ডী

98. কোনো ধ্বনির উচ্চারণকালে কণ্ঠনালীর আকুঞ্চনে যদি অতিরিক্ত বাধার সৃষ্টি হয় তখন তাকে বলে

(A) মহাপ্রাণ ধ্বনি

(B) অল্পপ্রাণ ধ্বনি

(C) নাসিক্য ধ্বনি

(D) দ্বিব্যঞ্জন ধ্বনি

99. বাগ্‌যন্ত্রের এক প্রযত্নোচ্চারিত বাক্যভুক্ত খণ্ডবর্ণান্ত মুক্তস্বরান্ত ধ্বনিখণ্ডকে বলে

(A) রুদ্ধদল

(B) মুক্তদল

(C) পর্ব

(D) পর্বাঙ্গ

100. বাংলা ছন্দশাস্ত্রে কণ্ঠোচ্চারিত ধ্বনির স্বল্পতম পরিমাণকে বলে

(A) দল

(B) মাত্রা

(C) লয়

(D) পর্ব

101. যেভাবে পদবিন্যাস করলে বাক্য শ্রুতিমধুর হয় এবং মনে রসের সঞ্চার হয় তাকে বলে

(A) ছন্দ

(B) অলঙ্কার

(C) লয়

(D) স্তবক

102. দুই বা ততোধিক পঙ্‌ক্তির সুশৃঙ্খল ও প্রণালীসম্মত বিন্যাসকে বলে

(A) পর্বাঙ্গ

(B) শ্লোকবন্ধ বা স্তবক

(C) পর্ব

(D) উপরের কোনটিই নয়

103. কবিতার ছন্দে ধ্বনির গতিক্রমকে বলে

(A) পঙ্‌ক্তি

(B) ছেদ

(C) যতি

(D) লয়

104. অনুপ্রাস-উপমা-রূপকাদি যে সমস্ত বহিরঙ্গ ও অন্তরঙ্গ ভূষণ সাহিত্যের সৌন্দর্য-সম্পাদন ও রসের উৎকর্ষসাধন করে তাকে বলে

(A) ছন্দ

(B) অলঙ্কার

(C) রস

(D) উপরের কোনটিই নয়

105. ''কেতকী কেশরে কেশপাশ করো সুরভি
ক্ষীণ কটিতটে গাঁথি লয়ে পরো করবী।''
এখানে কোন্ অলঙ্কার হয়েছে?

(A) অনুপ্রাস

(B) যমক

(C) শ্লেষ

(D) বক্রোক্তি

106. একই শব্দ একই স্বরধ্বনিসমেত ভিন্ন ভিন্ন অর্থে একাধিকবার ব্যবহৃত হলে তাকে বলে

(A) ছেকানুপ্রাস

(B) যমক

(C) সমাসোক্তি

(D) রূপক

107. ''আছিলাম একাকিনী বসিয়া কাননে।
আনিল তোমার স্বামী বান্ধি নিজগুণে॥''
এখানে কোন্ অলঙ্কার হয়েছে?

(A) অনুপ্রাস

(B) যমক

(C) শ্লেষ

(D) রূপক

108. একই বাক্যে সাধারণ ধর্ম বিশিষ্ট দুই বিজাতীয় পদার্থের মধ্যে সাদৃশ্য বোঝালে তাকে বলে

(A) রূপক অলঙ্কার

(B) ব্যতিরেক অলঙ্কার

(C) উপমা অলঙ্কার

(D) উৎপ্রেক্ষা অলঙ্কার

109. ''পাখীর নীড়ের মতো চোখ তুলে
নাটোরের বনলতা সেন''—
এখানে কোন্ উপমা-অলঙ্কার হয়েছে?

(A) পূর্ণোপমা

(B) লুপ্তোপমা

(C) মালোপমা

(D) উপরের কোনটিই নয়

110. মানুষের চিত্তবৃত্তির কারণ বা হেতুর নামই হচ্ছে

(A) ধ্বনি

(B) বিভাব

(C) অনুভাব

(D) স্থায়ীভাব

111. বিভাব _____ প্রকার।
শূন্যস্থানটিতে হবে

(A) এক

(B) দুই

(C) তিন

(D) চার

112. আচার্য ভরতের মতে স্থায়ীভাবের সংখ্যা হল

(A) পাঁচ

(B) ছয়

(C) সাত

(D) আট

113. নাট্যশাস্ত্রের প্রবক্তা ভরত মুনি _____ কাব্যের মুখ্য স্বরূপ ও আত্মা বলে ব্যাখ্যা করেছেন।
শূন্যস্থানটিতে হবে

(A) রীতিকে

(B) ঔচিত্যকে

(C) ধ্বনিকে

(D) রসকে

114. ধ্বনিবাদীদের মতে

(A) ধ্বনিই কাব্যের আত্মা

(B) রস-ই কাব্যের আত্মা

(C) রীতিই কাব্যের আত্মা

(D) উপরের কোনটিই নয়

115. 'ধ্বন্যালোক' গ্রন্থটির রচয়িতা

(A) ভামহ

(B) দণ্ডী

(C) বিশ্বনাথ কবিরাজ

(D) আনন্দবর্ধন

116. প্রমথ চৌধুরীর ছদ্মনাম

(A) ভানুসিংহ

(B) বনফুল

(C) শংকর

(D) বীরবল

117. 'বাহুবল ও বাক্যবল' প্রবন্ধটি কখন, কোন্ পত্রিকায় প্রকাশিত হয়?

(A) ১২৮১ বঙ্গাব্দের বৈশাখ মাসে 'বঙ্গদর্শন' পত্রিকায়

(B) ১২৮২ বঙ্গাব্দের বৈশাখ মাসে 'বঙ্গদর্শন' পত্রিকায়

(C) ১২৮৩ বঙ্গাব্দের বৈশাখ মাসে 'বঙ্গদর্শন' পত্রিকায়

(D) ১২৮৪ বঙ্গাব্দের জ্যৈষ্ঠ মাসে 'বঙ্গদর্শন' পত্রিকায়

118. 'যুগজিজ্ঞাসা' প্রবন্ধটির লেখক কে এবং মূল গ্রন্থের নাম কী?

(A) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় এবং 'বিবিধ প্রবন্ধ' (মূল গ্রন্থ)

(B) জগদীশচন্দ্র বসু এবং 'অব্যক্ত' (মূল গ্রন্থ)

(C) জগদীশচন্দ্র বসু এবং 'দেশকালপাত্র' (মূল গ্রন্থ)

(D) অন্নদাশঙ্কর রায় এবং 'কণ্ঠস্বর' (মূল গ্রন্থ)

119. 'মেবার পতন' গ্রন্থটি কোন্ জাতীয় রচনা এবং গ্রন্থটির লেখক কে?

(A) উপন্যাস এবং লেখক বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

(B) নাটক এবং নাট্যকার অমৃতলাল বসু

(C) নাটক এবং নাট্যকার দীনবন্ধু মিত্র

(D) নাটক এবং নাট্যকার দ্বিজেন্দ্রলাল রায়

120. 'আরণ্যক' উপন্যাসটি কার লেখা এবং এর রচনাকাল কী ?

(A) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের লেখা এবং রচনাকাল ১৯৩৮

(B) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের লেখা এবং রচনাকাল ১৯৩৯

(C) বিভূতিভূষণ মুখোপাধ্যায়ের লেখা এবং রচনাকাল ১৯৩৮

(D) মানিক বন্দ্যোপাধ্যায়ের লেখা এবং রচনাকাল ১৯৩৬

121. 'জিজ্ঞাসা' ও 'রাজকাহিনী' গ্রন্থ দুটির লেখক হলেন যথাক্রমে

(A) দেবেন্দ্রনাথ ঠাকুর ও রামমোহন রায়

(B) আচার্য রামেন্দ্রসুন্দর ত্রিবেদী ও অবনীন্দ্রনাথ ঠাকুর

(C) প্রবোধ কুমার বন্দ্যোপাধ্যায় ও তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়

(D) মোহিতলাল মজুমদার ও কামিনী রায়

122. স্পর্ধা > আস্পর্ধা, বাক্য > বাক্ক > বাইক্ক

উপরোক্ত নিম্নরেখ শব্দদ্বয়ের পরিবর্তনের কারণ যথাক্রমে

(A) আদিস্বরাগম ও অপিনিহিতি

(B) অভিশ্রুতি ও স্বরসংগতি

(C) সমীভবন ও বিষমীভবন

(D) ঘোষীভবন ও কণ্ঠনালীয়ভবন

123. অন্ন (খাদ্য) > ভাত, ঘর্ম (গরম) > ঘাম

উপরোক্ত নিম্নরেখ শব্দদ্বয়ের অর্থ পরিবর্তনের কারণ যথাক্রমে

(A) অর্থসংকোচ ও অর্থসংক্রম

(B) অর্থবিস্তার ও অর্থসংকোচ

(C) অর্থসংক্রম ও অর্থসংকোচ

(D) অর্থবিস্তার ও অর্থসংক্রম

124. কৃষ্ণ, বৈদ্য > বদ্দি : নিম্নরেখ শব্দ দুটি হল যথাক্রমে

(A) তৎসম ও অর্ধতৎসম শব্দ

(B) তদ্ভব ও বিদেশী শব্দ

(C) তদ্ভব ও অর্ধতৎসম শব্দ

(D) দেশী ও বিদেশী শব্দ

125. ''বিদ্যেবোঝাই বাবুমশাই চড়ি সখের বোটে
মাঝিরে কন 'বল্‌তে পারিস সূর্যি কেন ওঠে'।''

উপরোক্ত ছন্দটি হল

(A) মাত্রাবৃত্ত

(B) অক্ষরবৃত্ত

(C) স্বরবৃত্ত

(D) উপরের কোনটিই নয়

126. (ক) মাত্রাবৃত্ত ছন্দের লয় দ্রুত
(খ) অক্ষরবৃত্ত ছন্দের লয় দ্রুত
(গ) স্বরবৃত্ত ছন্দের লয় মধ্যম

উপরোক্ত বৈশিষ্ট্যগুলোর মধ্যে কোনটি শুদ্ধ ?

(A) (ক)

(B) (খ)

(C) (গ)

(D) উপরের কোনটিই শুদ্ধ নয়

127. ''রূপ লাগি আঁখি ঝুরে গুণে মন ভোর
প্রতি অঙ্গ লাগি কান্দে প্রতি অঙ্গ মোর।''

(A) এখানে পূর্ণপর্ব ছয় মাত্রার এবং অপূর্ণপর্ব দুই মাত্রার

(B) এখানে পূর্ণপর্ব সাত মাত্রার এবং অপূর্ণপর্ব চার মাত্রার

(C) এখানে পূর্ণপর্ব চার মাত্রার এবং অপূর্ণপর্ব দুই মাত্রার

(D) উপরের কোনটিই শুদ্ধ উত্তর নয়

128. ''মলিন বদনা দেবী, হায়রে যেমতি,
খনির তিমির গর্ভে (না পারে পশিতে
সৌরকর রাশি যথা) সূর্যকান্ত মণি;
কিম্বা বিম্বাধরা রমা অম্বুরাশি তলে।''

উপরোক্ত উদাহরণটি

(A) পূর্ণোপমা

(B) লুপ্তোপমা

(C) মালোপমা

(D) উপরের কোনটিই নয়

129. ''মরণের ফুল বড় হয়ে ফোটে
জীবনের উদ্যানে।''

উপরোক্ত উদাহরণটি

(A) নিরঙ্গরূপক অলঙ্কারের

(B) সাঙ্গরূপক অলঙ্কারের

(C) পরম্পরিতরূপক অলঙ্কারের

(D) অধিকাররূঢ়বৈশিষ্ট্য রূপক অলঙ্কারের

130. ''অতি বড় বৃদ্ধ পতি সিদ্ধিতে নিপুণ।
কোন গুণ নাই তার কপালে আগুন॥''

উপরোক্ত উদাহরণটি

(A) সমাসোক্তি অলঙ্কারের

(B) অতিশয়োক্তি অলঙ্কারের

(C) ব্যতিরেক অলঙ্কারের

(D) ব্যাজস্তুতি অলঙ্কারের

131. ''রাধার কি হৈল অন্তরে ব্যথা।
বসিয়া বিরলে থাকয়ে একলে
না শুনে কাহারো কথা॥
সদাই ধেয়ানে চাহে মেঘপানে
না চলে নয়ান তারা।
বিরতি আহারে রাঙা বাস পরে
যেমত যোগিনী পারা॥''

এখানে শ্রীরাধার রতিভাবের চিত্র প্রকাশিত, শ্রীকৃষ্ণ এখানে _____ বিভাব; অনিন্দ্যসুন্দর কৃষ্ণধ্যানরতা যোগিনী মূর্তির নিকট মেঘ _____ বিভাব।

উপরোক্ত শূন্যস্থান দুটিতে হবে যথাক্রমে

(A) উদ্দীপন, আলম্বন

(B) স্থায়ী, সঞ্চারী

(C) আলম্বন, উদ্দীপন

(D) উপরের কোনটিই নয়

132. 'পথের পাঁচালী' উপন্যাসটি কোন্ পত্রিকায়, কবে প্রকাশিত হয়?

(A) 'বঙ্গদর্শন' পত্রিকায় ১৮৭২–৭৩ খ্রীষ্টাব্দে প্রকাশিত হয়

(B) 'ভারতী' পত্রিকায় ১৯৩৫–৩৬ খ্রীষ্টাব্দে প্রকাশিত হয়

(C) 'বসুমতী' পত্রিকায় ১৯৩৫–৩৬ খ্রীষ্টাব্দে প্রকাশিত হয়

(D) 'বিচিত্রা' পত্রিকায় ১৯৩৫–৩৬ খ্রীষ্টাব্দে প্রকাশিত হয়

133. (ক) *Rajmohon's wife* (ক) শরৎচন্দ্র
(খ) 'মুকুট' (খ) রবীন্দ্রনাথ
(গ) 'পথের দাবী' (গ) আশাপূর্ণা দেবী
(ঘ) 'বকুলকথা' (ঘ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

শুদ্ধ ক্রমটি হবে :

(A) ক–ঘ, খ–খ, গ-ক, ঘ–গ

(B) ক–খ, খ–ক, গ–ঘ, ঘ–গ

(C) ক–ঘ, খ–গ, গ–খ, ঘ–খ

(D) ক–ক, খ–ঘ, গ–খ, ঘ–গ

134. 'দিগ্‌দর্শন' নামক সাময়িক পত্রিকাটির প্রকাশকাল হল

(A) ১৮১৫ খ্রীষ্টাব্দ

(B) ১৮১৭ খ্রীষ্টাব্দ

(C) ১৮১৮ খ্রীষ্টাব্দ

(D) ১৮১৯ খ্রীষ্টাব্দ

135. ন্যাশনাল থিয়েটারের উদ্বোধন হয়

(A) ১৮৬৫ খ্রীষ্টাব্দের ৭ই ডিসেম্বর

(B) ১৮৬৮ খ্রীষ্টাব্দের ১০ই ডিসেম্বর

(C) ১৮৭০ খ্রীষ্টাব্দের ১১ই নভেম্বর

(D) ১৮৭২ খ্রীষ্টাব্দের ৭ই ডিসেম্বর

136. "বাংলা ভাষায় চতুর্দশপদী কবিতার প্রথম জন্ম _____ খ্রীষ্টাব্দে _____ হাতে।"
শূন্যস্থানগুলোতে হবে

(A) ১৮৫৯, নবীনচন্দ্র সেনের

(B) ১৮৬১, রবীন্দ্রনাথের

(C) ১৮৬০, মধুসূদনের

(D) এঁদের কারোর হাতেই নয়

137. 'সেকাল আর একাল' গ্রন্থটি রচনা করেছেন

(A) রামমোহন রায়

(B) বিদ্যাসাগর

(C) রাজনারায়ণ বসু

(D) ভূদেব মুখোপাধ্যায়

138. মুকুন্দরাম চক্রবর্তী প্রণীত কাব্যগ্রন্থটির নাম হল

(A) 'চণ্ডীমঙ্গল'

(B) 'অভয়ামঙ্গল'

(C) 'ধর্মমঙ্গল'

(D) উপরের কোনটিই নয়

139. 'রামতনু লাহিড়ী ও তৎকালীন বঙ্গসমাজ' (১৮৯৭) গ্রন্থখানি লিখেছেন

(A) কেশবচন্দ্র সেন

(B) দ্বিজেন্দ্রনাথ ঠাকুর

(C) জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর

(D) শিবনাথ শাস্ত্রী

140. চন্দ্রা-বিশু-অধ্যাপক-ফাগুলাল-রঞ্জন প্রভৃতি চরিত্রগুলো আছে

(A) 'শারদোৎসব' নাটকে

(B) 'রাজা' নাটকে

(C) 'রক্তকরবী' নাটকে

(D) 'মুক্তধারা' নাটকে

141. খেতুরী গ্রামে বৈষ্ণব সম্মেলন আহ্বান করেছিলেন

(A) নরোত্তম ঠাকুর (দত্ত)

(B) লোকনাথ গোস্বামী

(C) শ্যামানন্দ

(D) শ্রীনিবাস আচার্য

142. "মা, নিম খাওয়ালে চিনি বলে কথায় করে ছলো।
ওমা মিঠার লোভে তিত মুখে সারা দিনটা গেল॥"
গানটি লিখেছেন

(A) কমলাকান্ত চক্রবর্তী

(B) দাশরথি রায়

(C) নবীনচন্দ্র সেন

(D) রামপ্রসাদ সেন

143. বৃন্দাবনের ষড় গোস্বামীরা হলেন

(A) কৃষ্ণদাস-বৃন্দাবনদাস-বলরাম দাস - নরোত্তম দাস-গোবিন্দদাস-শ্যামদাস

(B) সনাতন-রূপ-জীব-গোপালভট্ট-রঘুনাথ দাস-রঘুনাথ ভট্ট

(C) চণ্ডীদাস-বিদ্যাপতি-জ্ঞানদাস-গোবিন্দদাস-বলরাম দাস-কৃষ্ণদাস

(D) এঁদের কেউই নন

144. "স্বাধীনতাহীনতায় কে বাঁচিতে চায় হে, কে বাঁচিতে চায়
দাসত্বশৃঙ্খল বল, কে পরিবে পায় হে, কে পরিবে পায়?"

এই সমর-সঙ্গীতটির উৎস

(A) রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়ের 'পদ্মিনী উপাখ্যান'

(B) মাইকেল মধুসূদন দত্তের 'কৃষ্ণকুমারী'

(C) হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের 'বৃত্রসংহার'

(D) নবীনচন্দ্র সেনের 'পলাশীর যুদ্ধ'

145. 'সভ্যতার সংকট'-এর রচনাকাল হল

(A) ১৯৩৮ খ্রীষ্টাব্দ

(B) ১৯৩৯ খ্রীষ্টাব্দ

(C) ১৯৪০ খ্রীষ্টাব্দ

(D) ১৯৪১ খ্রীষ্টাব্দ

146. 'চোরাবালি' (১৯৩৮) কাব্যগ্রন্থটির কবি হলেন

(A) সুধীন্দ্রনাথ দত্ত

(B) বিষ্ণু দে

(C) সমর সেন

(D) অমিয় কুমার চক্রবর্তী

147. আদি-মধ্য বাংলার স্থিতিকাল হল

(A) আনুমানিক ১২৫০–১৩৫০ খ্রীষ্টাব্দ পর্যন্ত

(B) আনুমানিক ১৩৫০–১৪৫০ খ্রীষ্টাব্দ পর্যন্ত

(C) আনুমানিক ১৬০১–১৮০০ খ্রীষ্টাব্দ পর্যন্ত

(D) উপরের কোনটিই নয়

148. *The Origin and Development of the Bengali Language* গ্রন্থখানি রচনা করেছেন

(A) স্যার উইলিয়ম জোনস্

(B) জন্ বীমস্

(C) স্যার জর্জ আব্রাহাম গ্রীয়ার্সন

(D) আচার্য্য সুনীতিকুমার চট্টোপাধ্যায়

149. কামরূপী উপভাষা হল

(A) মধ্য-পশ্চিমবঙ্গের উপভাষা

(B) দক্ষিণ-পশ্চিম প্রান্তের উপভাষা

(C) উত্তরবঙ্গের উপভাষা

(D) উত্তর-পূর্ববঙ্গের উপভাষা

150. ক্রম অনুযায়ী শুদ্ধ ব্যুৎপত্তিটি হল

(A) একাদশ > এগ্‌গারহ > এগারহ > এগার

(B) ইন্দ্রাগার > ইন্দাআর > ইঁদারা

(C) কুম্ভকার > কুম্ভআর > কুমার, কুমোর

(D) মাতৃকা > মাইআ > মেয়ে

READ THE FOLLOWING INSTRUCTIONS CAREFULLY :

নিম্নলিখিত নির্দেশাবলী ভালো করে পড়ুন :

1. Out of the four alternatives for each question, only one circle for the correct answer is to be darkened completely with Black Ballpoint Pen on the OMR Answer Sheet. The answer once marked is not liable to be changed.

   প্রতিটি প্রশ্নের উত্তর হিসাবে যে চারটি বিকল্প দেওয়া আছে তা থেকে শুধুমাত্র শুদ্ধ উত্তরটির প্রেক্ষিতে OMR উত্তরপত্রে দেওয়া বৃত্তটি কালো বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণরূপে কালো করে চিহ্নিত করতে হবে। একবার উত্তর চিহ্নিত করা হয়ে গেলে তাকে আর পরিবর্তন করা যাবে না।

2. The candidates should ensure that the Answer Sheet is not folded. Do not make any stray marks on the Answer Sheet. Do not write your Roll No. anywhere else except at the specified space on the OMR Answer Sheet.

   পরীক্ষার্থীরা কোনওভাবেই OMR উত্তরপত্রটি ভাঁজ করবেন না। OMR উত্তরপত্রে কোনওরকম দাগ কাটা বা মন্তব্য লেখা যাবে না। পরীক্ষার্থীরা তাঁদের রোল নাম্বার উত্তরপত্রে নির্দিষ্ট করা জায়গা ছাড়া অন্য কোনও জায়গায় লিখবেন না।

3. Handle the Question Booklet and Answer Sheet with utmost care, as under no circumstances (except technical defect), another set will be provided.

   OMR উত্তরপত্র এবং প্রশ্নপত্রের ব্যবহারে সার্বিক সতর্কতা অবলম্বন করতে হবে। কোনও অবস্থাতেই (মুদ্রণ ত্রুটি ও পদ্ধতিগত ত্রুটি ছাড়া) OMR উত্তরপত্র ও প্রশ্নপত্র পাল্টে দেওয়া যাবে না।

4. The candidates will write the correct Question Booklet Number and OMR Answer Sheet Number in the Attendance Sheet.

   পরীক্ষার্থীকে অ্যাটেন্ডেন্স শীট-এ তাঁর OMR উত্তরপত্রের নম্বর এবং প্রশ্নপত্রের নম্বর নির্ভুলভাবে লিখতে হবে।

5. Candidates are not allowed to carry any textual material, printed or written, bits of papers, pager, mobile phone, electronic devices or any other material except the Admit Card and Photo Identity Card inside the Examination Hall/Room.

   পরীক্ষার্থীকে অ্যাডমিট কার্ড এবং ফটো আইডেনটিটি কার্ড ছাড়া অন্য কোনও ছাপানো বা লেখা কাগজ, পঠন ও মুদ্রণজাত সামগ্রী, পেজার, মোবাইল ফোন, অন্য কোনওরকম ইলেক্ট্রনিক ডিভাইস নিয়ে পরীক্ষা হলে/কক্ষে প্রবেশ করতে দেওয়া হবে না।

6. Each candidate must show on demand his/her Admit Card and Photo Identity Card to the Invigilator/Examination Officials.

   পরীক্ষা হলে ইনভিজিলেটর কর্তৃক কিংবা পরীক্ষা কেন্দ্রের ভিতরে পরীক্ষা-সংশ্লিষ্ট আধিকারিক কর্তৃক দাবি করা হলে প্রত্যেক পরীক্ষার্থী তাঁর অ্যাডমিট কার্ড ও ফটো আইডেনটিটি কার্ড দেখাতে বাধ্য থাকবেন।

7. No candidate, without special permission of the Centre Superintendent or Invigilator, should leave his/her seat.

   সেন্টার সুপারিনটেনডেন্ট বা ইনভিজিলেটর-এর বিশেষ অনুমতি ছাড়া পরীক্ষার্থী পরীক্ষা হলে তাঁর বসার স্থান পরিবর্তন করতে পারবেন না।

8. Candidates will have to sign twice in the Attendance Sheet presented by the Invigilator on duty; first after taking their seats in the Examination Hall/Room and second at the time of handing over their OMR Answer Sheet to the Invigilator.

   পরীক্ষার্থীদিগকে ইনভিজিলেটরের দেওয়া অ্যাটেন্ডেন্স শীটে দুইবার স্বাক্ষর করতে হবে, প্রথমবার পরীক্ষা হলে তাঁদের আসন গ্রহণের পর এবং দ্বিতীয়বার ইনভিজিলেটরের নিকট OMR উত্তরপত্র জমা দেওয়ার সময়ে।

9. The candidates should not leave the Examination Hall/Room without handing over their OMR Answer Sheet to the Invigilator on duty and signed the Attendance Sheet twice. Cases where a candidate has not signed the Attendance Sheet a second time will be deemed not to have handed over the Answer Sheet and dealt with as an unfair means case.

   অ্যাটেন্ডেন্স শীট-এ দুইবার স্বাক্ষর করা এবং কর্তব্যরত ইনভিজিলেটর-এর নিকট উত্তরপত্র জমা দেওয়া ব্যতীত কোনও পরীক্ষার্থী পরীক্ষা হল ত্যাগ করতে পারবেন না। যদি কোনও পরীক্ষার্থী অ্যাটেন্ডেন্স শীট-এ দুইবার স্বাক্ষর না করেন তবে তিনি তাঁর OMR উত্তরপত্র জমা করেননি বলে গণ্য হবে এবং তা অনুচিত কার্য হিসাবে ধরা হবে।

10. Use of any type of calculating device is prohibited.

    যে কোনও ধরনের ক্যালকুলেটরের ব্যবহার সম্পূর্ণরূপে নিষিদ্ধ।

11. The candidates are governed by all rules and regulations of the Board with regard to their conduct in the Examination Hall/Room. All cases of unfair means will be dealt with as per rules and regulations of the Board.

    পরীক্ষা হল/কক্ষের মধ্যে পরীক্ষার্থীর আচরণ বোর্ডের নিয়ম ও নির্দেশিকা অনুযায়ী চালিত হবে। সব ধরনের অনুচিত কার্য বোর্ডের নিয়ম ও নির্দেশিকা অনুযায়ী নির্দিষ্ট হবে।

12. No part of the Question Booklet and OMR Answer Sheet shall be detached under any circumstances.

    কোনও ভাবেই প্রশ্নপত্র এবং OMR উত্তরপত্রের কোনও অংশ ছেঁড়া বা আলাদা করা যাবে না।

13. On completion of the test the candidate must hand over the OMR Answer Sheet to the Invigilator in the Hall/Room. The candidates are allowed to take away this Question Booklet with them.

    পরীক্ষা শেষ হওয়ার পরে পরীক্ষার্থী অবশ্যই তাঁর OMR উত্তরপত্র কর্তব্যরত ইনভিজিলেটরের কাছে জমা দেবেন। পরীক্ষার্থীরা এই প্রশ্নপত্রটি তাঁদের সাথে নিয়ে যেতে পারেন।

SEAL